

২০২০

বাংলা — সাম্মানিক

সপ্তম পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

বিভাগ - ক

- ১। (ক) ব্যক্তিগত প্রয়োজনের সীমা ছাড়িয়ে পত্র কোন কোন বৈশিষ্ট্য ও গুণে সাহিত্যপদবাচ্য হয়ে ওঠে, তা আলোচনা করে বাংলা পত্রসাহিত্যের যে-কোনো একজন সার্থক স্রষ্টার এই জাতীয় রচনার বিষয়, আঙ্গিক ও প্রকাশভঙ্গিমার বিশেষত্ব বিশ্লেষণ করো।

২৫

অথবা,

- (খ) যে-কোনো দুটি বিষয়ে আলোচনা করো।

১২^১/_২ × ২

(অ) রম্যরচনা

(আ) ডায়ারি

(ই) ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধ

(ঈ) বাস্তববাদী সমালোচনা পদ্ধতি।

বিভাগ - খ

- ২। (ক) 'বিড়াল' প্রবন্ধে প্রতিফলিত লেখকের সমাজচেতনামূলক দৃষ্টিভঙ্গির স্বরূপ বিশ্লেষণ করো।

২০

অথবা,

- (খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'কমলাকান্তের দপ্তর' রচনার মৌলিকতা বিচার করো।

২০

অথবা,

- (গ) ছিন্নপত্রের পত্রগুলিতে রবীন্দ্রনাথের বেশ কিছু ছোটোগল্পের প্রস্তুতি লক্ষ করা যায়— আলোচনা করো।

২০

অথবা,

- (ঘ) 'ছিন্নপত্র' গ্রন্থের পাঠ্য-পত্রাবলীতে অভিব্যক্ত পত্র-রচয়িতার মর্ত্যপ্রীতির পরিচয় দাও।

২০

Please Turn Over

বিভাগ - গ

- ৩। (ক) ‘যে দেশে বহু ধর্ম বহু ভাষা’ প্রবন্ধে ধর্ম ও ভাষাপ্রশ্নে স্বাধীনতা-উত্তর ভারতের নীতি কি হওয়া উচিত, এ-বিষয়ে লেখকের মতামতটি বিশ্লেষণ করো। ২৫

অথবা,

- (খ) ‘পটুয়া শিল্প’ প্রবন্ধে লেখক ‘আসল পটুয়া’ বলতে কী বুঝিয়েছেন? বাংলার পটুয়া সম্প্রদায় তাঁদের শিল্পকর্মে পৌরাণিক জগৎকে কীভাবে গ্রহণ করেছেন? ২৫

অথবা,

- (গ) “অন্ততঃ তিনটি প্রধান দিকে মানুষের মূল্যবোধ আজ নতুন”।— প্রাবন্ধিক কথিত ‘দিক’গুলি ব্যাখ্যা করে প্রাচীন সাহিত্যের ‘মানবতাবোধের’ সঙ্গে ‘আধুনিক সাহিত্যের’ ‘মানবতাবাদ’-এর প্রভেদ চিহ্নিত করো। ৫+২০

অথবা,

- (ঘ) ‘রবীন্দ্রনাথ ও উত্তরসাহক’ প্রবন্ধে প্রয়োজনীয় যে বিদ্রোহের কথা বলা হয়েছে, তার গুরুত্বের নিরিখে বাংলা কবিতায় কী প্রকার পালাবদল ঘটেছিল, তা লেখকের বক্তব্যের প্রেক্ষিতে আলোচনা করো। ২৫

- ৪। নিম্নলিখিত **যে-কোনো একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো। ৩০×১

- (ক) মধ্যযুগের বাংলা কাব্য-সাহিত্যে মানবতাবাদ
 (খ) সমাজজীবন ও সাহিত্যে শ্রীচৈতন্যদেবের প্রভাব
 (গ) উনিশ-বিশ শতকের বাংলা কবিতায় পাশ্চাত্য প্রভাব
 (ঘ) বাংলা রূপক নাটক
 (ঙ) শেক্সপিয়ার ও বাংলা নাটক
 (চ) বাংলা উপন্যাসে রাজনৈতিক চেতনা
 (ছ) রবীন্দ্রোত্তর বাংলা কবিতা
 (জ) রবীন্দ্রনাথের উপন্যাসে নারী
 (ঝ) বাংলা শিশুসাহিত্য।